বিসিবির মেহেরপুর জেলা

প্রতিনিধি নির্বাচিত হলেন

হাসিবুজ্জামান স্বপন

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) মেহেরপুর জেলা প্রতিনিধি নির্বাচিত হওয়ায় জেলা পরিষদ প্রশাসককে ফুলেল শুভেচ্ছা জানিয়েছেন হাসিবুজ্জামান স্বপন।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান, জাসাস নেতা বাকা বিল্লাহ, দীপু খানসহ স্থানীয় নেতৃবৃন্দ।

শুভেচ্ছা বিনিময়কালে তারা ক্রীড়া অঙ্গনের উন্নয়ন ও মেহেরপুরের ক্রিকেটকে আরও এগিয়ে নেওয়ার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।

মেহেরপুর জেলা পরিষদের

প্রশাসককে বেসরকারি শিক্ষক-

কর্মচারী ফোরামের ফুলেল

শুভেচ্ছা

বাংলাদেশ বেসরকারি শিক্ষক-কর্মচারী ফোরাম, মেহেরপুর সদর উপজেলার পক্ষ থেকে জেলা প্রশাসক জাভেদ মাসুদ মিল্টনকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে।

ফোরামের মেহেরপুর সদর উপজেলা সভাপতি ও আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ রুহুল আমিনের নেতৃত্বে এ শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন ফোরামের সহ-সভাপতি ও ঝাউবাড়িয়া মাধ্যমিক

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আব্দুর রকিব, সহ-সভাপতি আরজুল্লা রহমান বাবুল, সহকারী শিক্ষক, নতুন দরবেশপুর দাখিল মাদ্রাসা, সহ-সভাপতি মো. আব্দুস সালাম হীরক, প্রভাষক, এ আর বি কলেজ এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ ফজলুর রহমান, সহকারী শিক্ষক, টেংরামারী মাধ্যমিক বিদ্যালয়।

এছাড়াও সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এ সময় জেলা কমিটির সভাপতি মোহাম্মদ রফিকুল ইসলাম ও সাধারণ সম্পাদক মতিয়ার রহমান উপস্থিত ছিলেন।